গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়**
হিন্দুধর্মীয় কল্যাণট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
জেলা কার্যালয়, ঠাকুরগাঁও।
www.tbcme.thakurgaon.gov.bd

স্মারক নং-১৬.০৫.৯৪০০.১০১.১১.০০২.২৩-৩৮৯ তারিখ: ০৫/১২/২০২৪ খ্রি.

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক বাস্তবায়নাধীন 'মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়' শীর্ষক প্রকল্পের ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের আওতায় নিম্নবর্ণিত শিক্ষাকেন্দ্রসমূহে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদ কালীন সময়ের জন্য নির্বাচিত মন্দিরে শিক্ষক নিয়োগ করা হবে। শিক্ষাকেন্দ্রের বিপরীতে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্ত ও যোগ্যতা মোতাবেক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | শিক্ষাকেন্দ্রের নাম ও ঠিকানা | কেন্দ্রের ধরন ও ডিপিপি কোড নং | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | শিক্ষক | ভেদাইল ধামের হাট সার্বজনীন দুর্গা মন্দির, গ্রাম: ভেদাইল, ডাকঘর: ভেলাই, ইউ: রাতোর, উপজেলা: রাণীশংকৈল, ঠাকুরগাঁও | প্রাক-প্রাথমিক, ৩৫১০ | |
| ০২ | শিক্ষক | জামুন কুমারপাড়া পশ্চিম গোবিন্দ মন্দির, গ্রাম: জামুন কুমারপাড়া, ডাক: আমগাঁও, ইউ: আমগাঁও, উপজেলা: হরিপুর, ঠাকুরগাঁও | ধর্মীয় শিক্ষা (বয়স্ক) ৯৮৪ | |
| ০৩ | শিক্ষক | দোলুয়া সর্বজনীন দুর্গা মন্দির, গ্রাম: দোলুয়া, ডাকঘর: খোচাবাড়ী, ইউ: ধনতলা, উপজেলা : বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও | ধর্মীয় শিক্ষা (বয়স্ক) ৯৮১ | |

**শর্তাবলী:**

১। প্রার্থীকে সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের ঠাকুরগাঁও জেলা কার্যালয় বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম ০৮/১২/২০২৪ খ্রি. হতে ১৭/১২/২০২৪ খ্রি. তারখি পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের ঠাকুরগাঁও জেলা কার্যালয় এবং অত্র কার্যালয়ের ওয়েবসাইট www.tbcme.thakurgaon.gov.bd থেকে পাওয়া যাবে।

২। আবেদনপত্রের সাথে ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত কপি ও চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র সংযুক্তপূর্বক আগামী ১৭/১২/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের ঠাকুরগাঁও জেলা কার্যালয়ে জমা প্রদান করতে হবে।

৩। প্রার্থীর বয়স ১৭/১২/২০২৪ খ্রি. তারিখে ২১ থেকে ৪৫ বছর হতে হবে।

৪। প্রার্থীকে অবশ্যই সনাতন ধর্মের অনুসারী এবং ন্যূনতম এসএসসি পাসসহ হিন্দুধর্ম বিষয়ে জ্ঞানসম্পন্ন হতে হবে।

৫। প্রতিদিন (সরকারি ছুটি ব্যতীত) শিক্ষাকেন্দ্রে ২ ঘণ্টা ৩০ মিনিট পাঠদান করাতে হবে।

৬। শিক্ষক পদের দায়িত্ব পালনের জন্য মাসিক ৫,০০০/- টাকা সম্মানী ভাতা ও প্রতি সম্মানী ভাতার সমপরিমাণ বছরে ২টি উৎসবভাতা প্রদান করা হবে।

৭। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময় আবেদপত্রে উল্লিখিত মোবাইল নম্বরে ও সংশ্লিষ্ট মন্দির কমিটির মাধ্যমে জানানো হবে।

৮। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য সনদের মূলকপি উপস্থাপন করতে হবে।

৯। প্রার্থীদেরকে আবেদন পত্রের খামের উপর উপজেলার নাম, আবেদনকৃত মন্দিরের নাম ও কেন্দ্রের ধরন উল্লেখ করতে হবে।

১০। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ডিএ/ডিএ প্রদান করা হবেনা।

১১। কোন প্রকার কারণ প্রদর্শন ব্যতিরেকেই কর্তৃপক্ষ যে কোন সময় বিজ্ঞপ্তি পরিবর্তন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১২। অসম্পূর্ণ, ক্রটিপুর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

05/12/24

(ইন্দ্রজিৎ রায়)
সহকারী প্রকল্প পরিচালক
ও
সভাপতি, শিক্ষক নিয়োগ কমিটি
মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়
জেলা কার্যালয়, ঠাকুরগাঁও।
Email: msgstha@gmail.com